

## বিজ্ঞান মেলা ছাত্র-ছাত্রীদের মেধা বিকাশে বিরাট শক্তি যোগাবে

ডঃ এ এম এম সফিউল্লাহ

স্টাফ রিপোর্টার : বুয়েটের তিনি প্রফেসর ডঃ এ এম এম সফিউল্লাহ বলেছেন, বিজ্ঞান মেলা ও সাংস্কৃতিক উৎসব ছাত্র-ছাত্রীদের মেধা বিকাশে বিরাট শক্তি যোগাবে। সমাজের উন্নয়নের স্বার্থে সাংস্কৃতিক চর্চা খুবই জরুরী। সাংস্কৃতিক উৎসব শুধু গান-সাজানাই নয়। সাংস্কৃতিক উৎসবে সমাজ জীবনের বাণে বিষয়বস্তুসমূহে তুলে ধরতে হবে। ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে তিন দিনব্যাপী বার্ষিক বিজ্ঞান মেলা ও সাংস্কৃতিক উৎসব উদযাপন উপলক্ষে গতকাল বিদ্যালয় গ্রাউন্ডে উদ্বোধনী সভায় বুয়েটের তিনি প্রফেসর ডঃ এ এম এম সফিউল্লাহ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছিলেন। বিদ্যালয়ের গভর্নিং বডি'র সভাপতি প্রফেসর ডঃ এম দীরজাহানের সভাপতিত্বে এতে আরো বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রিন্সিপাল প্রফেসর মোঃ ইউনুস আলী দেওয়ান।

বুয়েটের তিনি প্রফেসর ডঃ এ এম এম সফিউল্লাহ বলেন, জাতীয় শিক্ষা কার্যক্রম পাঠ্যসূত্রী বইয়ের বাইরের জ্ঞান সম্পর্কে ছাত্র-ছাত্রীদের দক্ষতা অর্জন করতে হবে। বিজ্ঞান মেলা ও সাংস্কৃতিক উৎসব ছাত্র-ছাত্রীদের কর্মদক্ষতা বাড়াতে বিরাট অনুপ্রেরণা যোগাবে। তিনি ছাত্র-ছাত্রীদের জ্ঞানার্জনের উপর গুরুত্বারোপ করেন। তিনি পরে



ইনকিলাব : গতকাল ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে বার্ষিক বিজ্ঞান মেলায় স্টল ঘুরে দেখেন বুয়েটের তিনি প্রফেসর ডঃ এ এম এম সফি উল্লাহ

শিশুদের বিজ্ঞান মেলা ও সাংস্কৃতিক উৎসব উদ্বোধন করেন। মনমুগ্ধকর বিজ্ঞান মেলা ও সাংস্কৃতিক উৎসবে ছাত্র-ছাত্রী ছাড়াও অভিভাবকবৃন্দ বতর্কর্তৃতাবে অংশগ্রহণ করে। এর আগে বুয়েটের তিনি বিদ্যালয় ক্যাম্পাসে পৌষশে শারিবন্ড ছাত্র-ছাত্রীরা ঘুরে পাশড়ি ছিটিয়ে ডাকে অভিনন্দন জানান। তিনি মেলায় বিভিন্ন স্টল ঘুরে ঘুরে দেখে অতিকৃত হন। সভাপতির বক্তব্যে ডঃ এম দীরজাহান বলেন, ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ এবং প্রযুক্তিগত জ্ঞানার্জনের লক্ষ্যেই বিজ্ঞান মেলা ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করা হয়েছে। গতকাল বিদ্যালয় গ্রাউন্ডে কেল্লি ও প্রথম শ্রেণীর ডিগ্রাফেন প্রতিযোগিতা, বিজ্ঞান মেলা, দেয়াল পত্রিকা, হস্তশিল্প এবং পেইন্টিং প্রদর্শনী, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ (প্রথম-পর্ব) অনুষ্ঠিত হয়। আজ সকাল সাড়ে ৮টায় সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ (দ্বিতীয় পর্ব) অনুষ্ঠিত হবে। আগামী ৩১ জানুয়ারী সাংস্কৃতিক প্রতিযোগিতা (তৃতীয় পর্ব), সাংস্কৃতিক পর্ব-৩ এর পুরস্কার ও একাডেমিক পুরস্কার বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

Rep